# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৫৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عنْ بيعِ الحصاةِ وعنْ بيعِ الغَرَرِ. رَوَاهُ مُسلم

## বাংলা

২৮৫৪-[২১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কাঁকর নিক্ষেপ করার ক্রয়-বিক্রয় হতে এবং ধোঁকার ক্রয়-বিক্রয় হতে নিষেধ করেছেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫১৩, নাসায়ী ৪৫১৮, আহমাদ ৭৪১১, দারিমী ২৬০৫, আবূ দাঊদ ৩৩৭৬, ইরওয়া ১২৯৪, সহীহ আল জামি‘ ৬৯২৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: কংকর নিক্ষেপের মাধ্যমে কেনা-বেচার তিনটি ব্যাখ্যা রয়েছে।

(১) এ কাপড়গুলোর মধ্য হতে যেটিতে আমার নিক্ষেপ করা পাথর লাগবে সে কাপড় আমি তোমার কাছে বিক্রি করব। অথবা এ ভূমিতে আমি পাথর নিক্ষেপ করব, পাথর যেখানে পড়বে সে পর্যন্ত ভূমি আমি তোমার কাছে বিক্রি করব।

(২) বিক্রেতা কর্তৃক এটা বলা যে, আমি এ পাথর পণ্যের দিকে নিক্ষেপ করব যেখানে পাথরটি পড়বে সে পণ্য তোমার কাছে বিক্রি করব তবে তাতে তোমার ক্রয় করা বা না করার ঐচ্ছিকতা থাকবে।

(৩) এ পাথর আমি নিক্ষেপ করব যেখানে পড়বে সেটা বিক্রিত। আর (غَرَرِ) পণ্য অজ্ঞাত রেখে কেনা-বেচা করা,

এটি কেনা-বেচা অধ্যায়ের একটি গুরুত্বপূর্ণ আলোচনা। আর এতে অনেকগুলো মাসআলাহ্ রয়েছে। ‘‘বায়‘ই গারার’’ হলোঃ যা নির্দিষ্ট পরিমাপে পরিমাপ করা যায় না এবং তাতে ক্রেতার পূর্ণ মালিকানা সাব্যস্ত হয় না, যেমন বেশী পানিতে মাছ বিক্রি করা, গাভী বা উটের স্তনে দুধ বিক্রি করা, পশুর পেটের অভ্যন্তরীণ বাচ্চা বিক্রি করা এবং কোনো খাদ্য স্তূপ অনুমানের ভিত্তিতে বিক্রি করা ইত্যাদি।

জেনে রাখুন যে, নিশ্চয় বায়‘ই মুলামাসাহ্, মুনাবাযাহ্, পশুর পেটের বাচ্চা বিক্রি করা, পাথর ছুঁড়ে মারার মাধ্যমে ক্রয়-বিক্রিয় করা ইত্যাদি। এ জাতীয় সকল ক্রয়-বিক্রয়ের ব্যাপারে নিষেধাজ্ঞা সংবলিত অনেক নস্ (মূল ইবারত) এসেছে যেগুলো এসব ধরনের লেনদেন-কে ‘‘বায়‘ই গারার’’-এর অন্তর্ভুক্ত করে। আর এসবগুলোকে নিষেধ করা হয়েছে, কারণ এগুলো জাহিলী জামানার ক্রয়-বিক্রয়, এসবগুলো হারাম। আল্লাহ অধিক জানেন। (শারহে মুসলিম ১০ম খন্ড, হাঃ ১৫১৩, ১৫১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন